# জাতীয় নির্বাচনে ধানের শীষে লড়বেন খালেদা জিয়া ও ১০ নারী প্রার্থী




সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করেছে বিএনপি। এ তালিকায় মোট ২৩৭টি আসনে প্রার্থী ঘোষণা করা হয়েছে, বাকিগুলো শরীক দলগুলোর সঙ্গে সমন্বয় করে পূর্ণাঙ্গ করা হবে।

তালিকায় ১০ জন নারী প্রার্থীও রয়েছেন। দলের চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া তিনটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। তিনি দিনাজপুর-৩, বগুড়া-৭ এবং ফেনী-১ আসনে অংশগ্রহণ করবেন।

অন্য নারী প্রার্থীরা হলেন ফারজানা শারমিন (নাটোর-১), মোছা. সাবিরা সুলতানা (যশোর-২), ইসরাত সুলতানা ইলেন ভুট্টু (ঝালকাঠি-২), সানসিলা জেবরিন (শেরপুর-১), আফরোজা খান রিতা (মানিকগঞ্জ-৩), সানজিদা ইসলাম তুলি (ঢাকা-১৪), শামা ওবায়েদ (ফরিদপুর-২), মোছা. তাহসিনা রুশদী (সিলেট-২) এবং নায়াব ইউসুফ কামাল (ফরিদপুর-৩)।

বিএনপি জানিয়েছে, প্রাথমিক তালিকার বাইরে থাকা আসনের প্রার্থী তালিকাও শীঘ্রই প্রকাশ করা হবে, যা দল ও শরীকদের মধ্যে সমন্বয় শেষে চূড়ান্ত করা হবে।

LENS ASIA